গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন অধিদপ্তর
১৪, আবদুল গণি রোড, ঢাকা-১০০০।
www.rd.gov.bd

## অফিস আদেশ

'নিবন্ধন অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৫' এর ২১ক ন. ক্রমিকে উল্লিখিত 'মোহরার' পদে পদোন্নতির ক্ষেত্রে 'অফিস সহায়ক' পদ হতে শতকরা ২০(বিশ) ভাগ হারে কোটা পূরণের নিমিত্তে নিম্নবর্ণিত আদেশ জারি করা হলো। যথা:-

০১। জেলা নিয়োগ ও পদোন্নতি কমিটি কর্তৃক জেলায় কর্মরত অফিস সহায়কদের একটি জেলা ভিত্তিক সমন্বিত জ্যেষ্ঠতা তালিকা প্রণয়নপূর্বক অনুমোদনের জন্য মহা পরিদর্শক, নিবন্ধন প্রেরণ করতে হবে। অনুমোদনকৃত জেলাভিত্তিক সমন্বিত জ্যেষ্ঠতা তালিকা অনুসরণক্রমে বিধি মোতাবেক পদোন্নতির প্রস্তাব প্রেরণ করতে হবে।

০২। জ্যেষ্ঠতা তালিকা প্রণয়নের ক্ষেত্রে 'নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১' অনুসরণ করতে হবে।

০৩। কোনো অফিস সহায়ক কর্মরত জেলা হতে নিজ জেলা অথবা অন্য কোনো জেলায় এক্ই পদে বদলি হলে পূর্বের চাকরি বেতন, পেনশন ও ছুটির জন্য গণনা করা যাবে। তবে, জ্যেষ্ঠতার ক্ষেত্রে গণনা করা যাবে না এবং বদলির মাধ্যমে নিজ জেলা বা বদলির জন্য প্রার্থিত জেলায় এরুপ নিয়োগ নব নিয়োগ হিসেবে গণ্য করতে হবে।

০৪। `নিবন্ধন অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৫' জারির পূর্বে অথবা পরে বদলিকৃত অফিস সহায়কদের ক্ষেত্রেও জ্যেষ্ঠতা নির্ধারণ সংক্রান্ত এ আদেশ প্রযোজ্য হবে।

০৫। `নিবন্ধন অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৫' জারির তারিখ হতে 'অফিস সহায়ক' পদ হতে 'মোহরার' পদে পদোন্নতির ক্ষেত্রে শতকরা ২০ (বিশ) ভাগ হারে কোটা পূরণের জন্য জেলার মোট মোহরার পদ নির্ণয়পূর্বক অফিস সহায়ক পদের বিপরীতে প্রাপ্যতার সংখ্যা নির্ধারণপূর্বক বিধি অনুযায়ী যোগ্যতা সাপেক্ষে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

০৬। অফিস সহায়ক পদ হতে মোহরার পদে পদোন্নতির জন্য পদোন্নতি প্রত্যাশি অফিস সহায়ককে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা অন্যূন এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

০৭। জেলার অনুমোদিত রাজস্ব খাতের মোহরার এর পদসংখ্যা সীমিত থাকার কারণে কোনো জেলায় একই সঙ্গে একটি বা দু'টো পদের বেশি শূন্য হয় না। তদপ্রেক্ষিতে, 'নিবন্ধন অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৫' অনুসরণক্রমে এ বিধিমালা জারির তারিখ হতে 'অফিস সহায়ক' পদ হতে শতকরা ২০ (বিশ) ভাগ কোটা পূরণের নিমিত্তে প্রথমতঃ নকলনবিস হতে ধারাবাহিকভাবে চার জন মোহরার পদে পদোন্নতির পর একজন অফিস সহায়ককে 'মোহরার' পদে পদোন্নতির বিষয়টি বিবেচনা করতে হবে।

প্রশাসনিক স্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/
কাজী আবদুল হান্নান
মহাপরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা।

স্মারক সংখ্যা: ১০.০৫.০০০০.০০৫.৯৯.০০১.২৬-৩৯ (৭৬)

তারিখ: ০৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:-
০১. উপ মহা-পরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।
০২. রেজিস্ট্রি অফিসসমূহের পরিদর্শক, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/বরিশাল/খুলনা/সিলেট বিভাগ, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।
০৩. জেলা রেজিস্ট্রার, ........................... (সকল)।
০৩. প্রশাসনিক কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।
০৪. শাখা প্রধান, শাখা-০১/০২/০৩/০৪/০৫/০৬, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।
০৫. শাখা-২, ওয়েবসেইটে প্রকাশের জন্য।
০৬. অফিস কপি।

8.2.26
কাজী আবদুল হান্নান
মহাপরিদর্শক, নিবন্ধন